

সংবাদ বিজ্ঞপ্তি

বর্ণাঢ্য আয়োজনে নোবিপ্রবিতে
'বিশ্ববিদ্যালয় দিবস ২০২৩' উদযাপিত

বর্ণাঢ্য আয়োজনে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) প্রতিষ্ঠাবার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস-২০২৩ উদযাপন করা হয়েছে। শনিবার (১৫ জুলাই ২০২৩) দিনব্যাপী নানা কর্মসূচির মাধ্যমে দিবসটি উদযাপন করে নোবিপ্রবি পরিবার। সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণে নোবিপ্রবির পতাকা উত্তোলন এবং পায়রা ও বেলুন উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করেন মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী। এরপর প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি আনন্দ শোভাযাত্রা বের করা হয়। যা বিশ্ববিদ্যালয়ের মূল ফটক প্রদক্ষিণ করে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়। শোভাযাত্রা শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পস্তবক অর্পণ করেন মাননীয় উপাচার্য। এরপর শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে নিয়ে প্রতিষ্ঠাবার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবসের কেক কাটেন মাননীয় উপাচার্য। এছাড়া দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

আনন্দ শোভাযাত্রা শেষে দেয়া সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, 'বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রত্যেকের নির্ধারিত কিছু কাজ ও দায়িত্ব রয়েছে। আমরা প্রত্যেকে নিজেদের সেই কাজগুলো নিয়ম অনুযায়ী সম্পন্ন করলে স্বাভাবিকভাবেই বিশ্ববিদ্যালয় সামনের দিকে এগিয়ে যাবে। সকলের ঐকান্তিক প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়ের চলমান অগ্রগতি আগামী দিনে আরো বেশি ত্বরান্বিত হবে বলে আশাবাদ ব্যক্ত করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু'।

টুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের সহকারী অধ্যাপক সঞ্জয় কুমার রায়ের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমান, ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্স-এর পরিচালক অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, প্রক্টর মোহাম্মদ ইকবাল হোসেন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মুহাম্মদ আলমগীর সরকার, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সাখাওয়াত হোসেন। এছাড়া অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, হলের প্রভোস্টবৃন্দ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, বিভিন্ন দপ্তরের প্রধানবৃন্দ ও অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দসহ ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উদযাপনে অংশ নেন। 'বিশ্ববিদ্যালয় দিবস' উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচির পাশাপাশি নোবিপ্রবির প্রধান ফটক, বঙ্গবন্ধু মুরাল, জয় বাংলা চত্বর ও প্রশাসনিক ভবন আলোকসজ্জিত করা হয়।

উল্লেখ্য, ২০০১ সালের ১৫ জুলাই মহান জাতীয় সংসদে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন-২০০১ পাশ হয়। সে আলোকে প্রতি বছর ১৫ জুলাই বিশ্ববিদ্যালয় দিবস পালন করা হয়।

R. K. K.

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।